

একটি কথার জন্যে

-সাধন সরকার

মনে হয়েছিল
স্বপ্নিল সে পথ
লাল আর হলুদের সারি
যে পথে ছায়া ছায়া
ঘন কুয়াশা
ছন্দ হয়ে নামে ।
যেখানে শিশিরে ভেজা
নরম ঘাসের ডগা
সূর্যের সোনালী আলোয়
ভাসা ভাসা চোখ মেলে চায়
রক্তিম আভায় ।।
কিন্তু দেখনিকি
যেখানে নগ্ন হাওয়া
ফিরে ফিরে আসে
চকিত উল্লাসে ।
নিঃশ্ব করে নিয়ে যায়
একটি অভুক্ত শিশুর
শেষ সম্বল ।
চটুল হাসি হাসে
যখন দেখে মানুষে কুকুরে
কাড়াকাড়ি
এতটুকু ফ্যান নিয়ে ।

---**---